

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ৪, ২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২১ চৈত্র ১৪২৭/০৪ এপ্রিল ২০২১

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০(অংশ-১)-২৫৭।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৩ এর দফা (৪) অনুযায়ী জাতীয় সংসদের ২৭৫ লক্ষ্মীপুর-২ শূন্য আসনে আগামী ২৭ এপ্রিল ২০২১ তারিখের মধ্যে নির্বাচন অনুষ্ঠানের বিধান থাকায় গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১১(১) অনুচ্ছেদের ক্ষমতাবলে মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী উল্লিখিত শূন্য আসনে ১১ এপ্রিল ২০২১ তারিখে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে স্মারক নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০(অংশ-২)-২০৭ মূলে ৪ মার্চ ২০২১ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ০৭ মার্চ ২০২১ তারিখে প্রকাশিত হয়। দেশে করোনা সংক্রমণ পরিস্থিতিতে জাতীয় সংসদের ২৭৫ লক্ষ্মীপুর-২ শূন্য আসনের নির্বাচন সংক্রান্ত ৪ মার্চ ২০২১ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এতদ্বারা স্থগিত করা হইল। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৩ এর দফা (৪) এর শর্তানুসারে দেশে করোনা সংক্রমণ দৈব-দুর্বিপাকজনিত কারণে নির্ধারিত মেয়াদের মধ্যে উল্লিখিত শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠান সম্ভব হইবে না বলিয়া মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মনে করেন। এমতাবস্থায় জাতীয় সংসদের ২৭৫ লক্ষ্মীপুর-২ শূন্য আসনে নির্ধারিত মেয়াদের মধ্যে নির্বাচন অনুষ্ঠান সম্ভব হইবেনা বিধায় পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে অনুষ্ঠিত হইবে। নির্বাচনের সময়সূচি পরবর্তীতে যথাসময়ে ঘোষণা করা হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ হুমায়ুন কবীর খোন্দকার  
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpres. gov. bd

( ৭৩০৩ )

মূল্য : টাকা ৪.০০